

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১০০৯২

বিশ্রামগঞ্জ, ১৮ মার্চ, ২০২৩

বিশালগড় ও সোনামুড়া মহকুমার সীমান্ত এলাকায় ১৪৪ ধারা জারি

ভারতীয় ফৌজদারি দন্ডবিধি ১৯৭৩-এর ১৪৪ ধারা অনুযায়ী সিপাহীজলা জেলার বিশালগড় ও সোনামুড়া মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটার এলাকায় রাত ৮টা থেকে সকাল ৫টা পর্যন্ত জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ আরোপ করা হয়েছে। সিপাহীজলা জেলার জেলাশাসক ও সমাহর্তা এক আদেশবলে জানান, এই আদেশ আগামী তিন মাস বলবৎ থাকবে। আদেশ অনুসারে আইন শৃঙ্খলার সঙ্গে যুক্ত সামরিক, আধাসামরিক এবং রাজ্য পুলিশের সদস্য, এসপি সিপাহীজলা এবং বিশালগড় ও সোনামুড়া মহকুমার মহকুমা শাসক কর্তৃক বৈধ অনুমোদন প্রাপ্ত ব্যক্তি, জরুরি পরিষেবার সাথে যুক্ত সরকারি কর্মচারি, জরুরি চিকিৎসার প্রয়োজন রয়েছে এমন রোগী এই বিধিনিষেধের আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে সিআরপিসি-র ১৮৮ ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
